

( একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত )

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

অর্থ মন্ত্রণালয়

অধিশাখা-২ (কর)

www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৩৭.১১.০১৪.১২-৩০৫

তারিখ : ০৫ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব  
১৯ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় : কর অঞ্চল-৭, ঢাকা এর ১১তম ছেড থেকে ২০তম ছেড এর শূন্যপদ পূরণের ছাড়পত্র প্রদান।

সূত্র : জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-৭(৬) কর প্রঃ-২/২০১৪/১৫২, তারিখ : ০৮-০৫-২০১৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে পত্রের প্রেক্ষিতে নিম্ন-বর্ণিত শূন্য পদসমূহে (৫ নং কলামে বর্ণিত পদ) সরাসরি ভিত্তিতে উপর্যুক্ত প্রার্থী নির্বাচনের মাধ্যমে পূরণের জন্য নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো :

ক্র/নং	দণ্ডের নাম	পদের নাম, ছেড ও বেতন ক্ষেত্র	সংরক্ষণকৃত পদের সংখ্যা	ছাড়কৃত পদের সংখ্যা
(১)	(২)	(৩)	(৪)	(৫)
১।	কর অঞ্চল-৭, ঢাকা।	কম্পিউটার অপারেটর ছেড-১১ ১২৫০০-৩০২৩০/-  উচ্চমান সহকারী ছেড-১৪ ১০২০০-২৪৬৮০/-  স্ট্যাট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ছেড-১৪ ১০২০০-২৪৬৮০/-	০.১  ০.৩  ০.৫ বা ০১টি	০১ (এক) টি  ০৩ (তিনি) টি  ০৪ (চার) টি
		অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ছেড-১৬ ৯৩০০-২২৪৯০/-  গাড়ি চালক ছেড-১৬ ৯৩০০-২২৪৯০/-  নোটিশ সার্ভার ছেড-২০ ৮২৫০-২০০১০/-  অফিস সহায়ক ছেড-২০ ৮২৫০-২০০১০/-  নিরাপত্তা প্রহরী ছেড-২০ ৮২৫০-২০০১০/-	০.৭ বা ০১টি  ০.৩  ০.১  ০.৬ বা ০১টি  ০.১টি	০৬ (ছয়) টি  ০৩ (তিনি) টি  ০১ (এক) টি  ০৫ (পাঁচ) টি  ০১টি
		মোট=	০৪টি	৩২ (ব্রিশ) টি

চলমান পাতা-০২

**শর্তসমূহ :**

- (ক) উল্লিখিত পদ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোনো নিষেধাজ্ঞা থাকে, কোনো রীট/মামলা বিচারাধীন থাকে, কোনো মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে তবে আদালতের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে।
- (খ) প্রাণ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় কোনো গড়মিল থাকার কারণে কোনো পদে অতিরিক্ত লোক নিয়োগ পেলে সেক্ষেত্রে ভুল তথ্য প্রদানকারী দায়ী থাকবে। ছাড়পত্র আদেশ প্রাপ্তির পর জারীকৃত ছাড়পত্রের সত্যতা সম্পর্কে আবশ্যিকভাবে অত্র বিভাগে যোগাযোগ করে সম্পূর্ণ নিশ্চিত হয়ে পদ পূরণ করতে হবে; ছাড়পত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত না হয়ে পদ পূরণ করবার ফলে কোন জটিলতার সৃষ্টি হলে সেক্ষেত্রে প্রস্তাব প্রেরণকারী দায়ী থাকবে।
- (গ) অর্গানোগ্রাম ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম অনুযায়ী অনুমোদিত নিজস্ব নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি গ্রেডের পদের বিপরীতে মঙ্গুরীকৃত পদ সংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে; এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট নিয়োগকৃত কর্তৃপক্ষ দায়ী থাকবে।
- (ঘ) পদ পূরণের ক্ষেত্রে সংস্থাপন মন্ত্রণালয়ের পরিপত্র নং-সম(এসপি)-৫৮/৯৯-২১০(৫০), তারিখ : ১০-০৫-৯৯ আবশ্যিক পালন/অনুসরণ করতে হবে। উক্ত পরিপত্রের ৩(খ) অনুচ্ছেদ অনুযায়ী এই ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ১(এক) বৎসর এবং উক্ত পরিপত্রের ৩(ঘ) অনুযায়ী ছাড়পত্রের মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং উক্ত পরিপত্রের ৩(গ) অনুযায়ী নির্দিষ্ট সময় সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে।
- (ঙ) ছাড়কৃত পদগুলো পূরণ করবার ক্ষেত্রে প্রচলিত নিয়োগ বিধি, শূন্যপদ পূরণ সংক্রান্ত বিষয়ে সরকারের অপরাপর যাবতীয় বিধি-বিধান/আদেশ এবং আনুষ্ঠানিকতা অবশ্যই যথাযথভাবে প্রতিপালন/ অনুসরণ করতে হবে।
- (চ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য তথ্যায় প্রেরণের লক্ষ্যে ছাড়কৃত পদসমূহ পূরণ করার ১০ (দশ) দিনের মধ্যে নির্ধারিত ছকে তথ্য অত্র বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

০২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনামতে ১০% সংরক্ষণ নীতিমালা অনুযায়ী উপরোক্ত ছকের ৪ নং কলামে বর্ণিত পদসমূহ সংরক্ষণযোগ্য পদ হওয়ায় সংরক্ষণ করা হলো।

৮৪/২

( এ এইচ এম আবদুল করিম )  
উপসচিব

ফোন : ৯৫৪০২৬১।

চেয়ারম্যান  
জাতীয় রাজস্ব বোর্ড  
সেগুনবাগিচা, ঢাকা।

নং-০৮.০০.০০০০.০৩৭.১১.০১৪.১২-৩০৫/১(৫)

তারিখ : ০৫ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ  
১৯ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। কর কমিশনার, কর অধ্যক্ষ-৭, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।

১৬/০৪/১৭  
( এ এইচ এম আবদুল করিম )  
উপসচিব